গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৭৩/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ৭ মার্চ ২০১৯, ২৩ ফাল্গুন ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ঐতিহাসিক ৭ই মার্চ আজ : বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
২। রোহিঙ্গা প্রত্যাবাসনে যুক্তরাজ্যের আরও ভূমিকা চান রাষ্ট্রপতি
৩। পাটের বহুমুখী ব্যবহার বৃদ্ধিতে নজর দিতে হবে : প্রধানমন্ত্রী
৪। বাংলাদেশ অচিরেই উচ্চ-মধ্যম আয়ের দেশে উন্নীত হবে : সংসদে প্রধানমন্ত্রী
৫। তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তির সঙ্গে সম্পৃক্ত হওয়ার আহ্বান স্পিকারের
৬। সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের অবস্থার উন্নতি হচ্ছে
৭। জাতিসংঘে বঙ্গবন্ধুর বাংলায় ভাষণের সনদ জাতীয় জাদুঘরে
৮। দাম না পাওয়ায় নিরুৎসাহিত হচ্ছেন কৃষক : আইএফপিআরআই'র কর্মশালায় কৃষিমন্ত্রী
৯। তথ্যমন্ত্রীর আশাবাদ- জামায়াতের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে বিশ্বের কাছে ক্ষমা চাইবে বিএনপি
১০। শীঘ্রই প্রশাসনিক ট্রাইব্যুনালের স্থায়ী স্থাপনা নির্মাণ : আইনমন্ত্রী
১১। দক্ষ মানবসম্পদ গড়ে তোলায় গুরুত্ব দিতে হবে : শিক্ষামন্ত্রী
১২। কোটি নতুন কর্মসংস্থান সৃষ্টির টার্গেট :
চট্টগ্রামে আন্তর্জাতিক বাণিজ্যমেলার উদ্বোধনীতে বাণিজ্যমন্ত্রী
১৩। পদ্মাসেতু চালু হলে জিডিপি বাড়বে দুই শতাংশ : মুন্সিগঞ্জে রেলপথমন্ত্রী
১৪। টেলিফোন শিল্প সংস্থাকে শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা হবে : তথ্যপ্রযুক্তিমন্ত্রী
১৫। ব্লু ইকোনমির স্বপ্ন বাস্তবায়ন করবে সরকার : পানিসম্পদ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **ঐতিহাসিক ৭ই মার্চ আজ : বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

আজ ঐতিহাসিক ৭ই মার্চ। সুদীর্ঘকালের আপসহীন আন্দোলনের এক পর্যায়ে **১৯৭১** সালের এ দিনে ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) বাঙালি জাতির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতার ডাক দিয়েছিলেন। ৭ই মার্চ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। তিনি ধানমণ্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

এদিকে ৭ মার্চ উপলক্ষে গতকাল (৬ মার্চ বুধবার) দেওয়া এক বাণীতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ কেবল আমাদের নয়, বিশ্ববাসীর জন্য প্রেরণার চিরন্তন উৎস হয়ে থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেছেন, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে অমিত শক্তির উৎস ছিল বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ। প্রধানমন্ত্রী আরো বলেন, বঙ্গবন্ধুর এ ভাষণ আমাদের ইতিহাস এবং জাতীয় জীবনের এক অপরিহার্য ও অনস্বীকার্য অধ্যায় যার আবেদন চিরঅম্লান। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **রোহিঙ্গা প্রত্যাবাসনে যুক্তরাজ্যের আরও ভূমিকা চান রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করতে যুক্তরাজ্যের অব্যাহত সহযোগিতা এবং আরও জোরালো ভূমিকা প্রত্যাশা করেছেন। বাংলাদেশে যুক্তরাজ্যের বিদায়ি হাইকমিশনার অ্যালিসন ব্লেক গতকাল (৬ মার্চ বুধবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ প্রত্যাশা ব্যক্ত করেন। বাংলাদেশে রোহিঙ্গা জনস্রোত আসার পরপরই ব্রিটিশ সরকারের দেওয়া সহায়তার প্রশংসা করে রাষ্ট্রপতি যুক্তরাজ্যকে রোহিঙ্গাদের ফেরত পাঠাতে বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে আরও বেশি সোচ্চার হওয়ার আহ্বান জানান। ব্রিটিশ হাইকমিশনার বাংলাদেশে তার দায়িত্ব পালনকালে সর্বাত্মক সহযোগিতা দেওয়ার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। রোহিঙ্গা ইস্যুকে বাংলাদেশের জন্য একটি বড় সমস্যা অভিহিত করে ব্রিটিশ হাইকমিশনার এ ক্ষেত্রে বাংলাদেশের পাশে থাকার আশ্বাস দেন। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৩। **পাটের বহুমুখী ব্যবহার বৃদ্ধিতে নজর দিতে হবে : প্রধানমন্ত্রী**

পাটের উৎপাদন বৃদ্ধি এবং পাট ও পাটপণ্যের রপ্তানির জন্য উদ্দীপক সুবিধা প্রদানের কথা ঘোষণা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাটশিল্প টেকসই করতে এ খাত লাভজনক করার জন্য কার্যকর পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (৬ মার্চ বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় পাট দিবস-২০১৯ এবং বহুমুখী পাটপণ্য মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, পাট এমন একটি পণ্য যার কিছুই ফেলনা নয়, অতএব কেন এতে লোকসান হবে, আমি কোনো লোকসানের কথা শুনতে চাই না বরং পাটশিল্প কিভাবে লাভজনক হবে সেদিকে মনোযোগ দিতে হবে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **সমকাল** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৪। **বাংলাদেশ অচিরেই উচ্চ-মধ্যম আয়ের দেশে উন্নীত হবে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অচিরেই বাংলাদেশ উচ্চ মধ্যম আয়ের দেশে উন্নীত হবে বলে আশা প্রকাশ করেছেন। তিনি বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সমৃদ্ধ-উন্নত সোনার বাংলা প্রতিষ্ঠায় দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোই সরকারের মূল লক্ষ্য। আর এ লক্ষ্য পূরণে নিরলসভাবে কাজ করতে সরকার অঙ্গীকারবদ্ধ। গতকাল (৬ মার্চ বুধবার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তরপর্বে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরো বলেন, আওয়ামী লীগ সরকারের জনকল্যাণমূলক অর্থনৈতিক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কারণেই লক্ষ্যভুক্ত সময়ের মধ্যেই অর্থাৎ ২০৪১ সালের মধ্যেই বাংলাদেশ উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াবে। জাতীয় প্রবৃদ্ধি ধারাবাহিকভাবে বৃদ্ধি পাচ্ছে। পাশাপাশি মাথাপিছু আয় ৫৪৩ ডলার থেকে তিনগুণ বৃদ্ধি পেয়ে **১** হাজার **৭৫১** মার্কিন ডলারে দাঁড়িয়েছে। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

৫। **তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তির সঙ্গে সম্পৃক্ত হওয়ার আহ্বান স্পিকারের**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষাকে এগিয়ে নিতে যুগান্তকারী ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছেন। বছরের শুরুতে বিনামূল্যে বই বিতরণ, দরিদ্র, অসহায় ও মেধাবী শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা তহবিল থেকে অনুদান প্রদান, প্রতিটি জেলায় একটি করে বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল (৬ মার্চ বুধবার) রাজধানীর উত্তরায় ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর মূল ক্যাম্পাস উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১১,ক.৩)।

৬।	**সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের অবস্থার উন্নতি হচ্ছে**

সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সব প্যারামিটার্স দিন দিন ভালোর দিকেই যাচ্ছে বলে জানিয়েছেন তাঁর সঙ্গে থাকা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবু নাসির রিজভী। ওবায়দুল কাদেরের চিকিৎসার হালনাগাদ বিষয়াদি গতকাল (৬ মার্চ বুধবার) দ্বিতীয়বারের মতো ব্রিফ করেন পাঁচ সদস্যবিশিষ্ট মেডিকেল বোর্ডের প্রধান ডা. ফিলিপ কোহ। এ সময় বোর্ডের অন্য সদস্যরা তাঁর সঙ্গে ছিলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

৭।	**জাতিসংঘে বঙ্গবন্ধুর বাংলায় ভাষণের সনদ জাতীয় জাদুঘরে**

জাতিসংঘের সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলায় ভাষণ দেওয়ার তারিখকে বাংলাদেশ ইমিগ্রেশন দিবস হিসেবে ঘোষণা করেছে নিউইয়র্ক স্টেট সিনেট। ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর বঙ্গবন্ধু ঐ ভাষণ দেন। নিউইয়র্ক সিনেটের ঐ স্বীকৃতির সনদ তথা ঘোষণাপত্র প্রদর্শনের জন্য গতকাল (৬ মার্চ বুধবার) জাতীয় জাদুঘর কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। জাতীয় জাদুঘরের সিনেপ্লেক্সে এক অনুষ্ঠানে ঘোষণাপত্রটি হস্তান্তর করেন নিউইয়র্ক মুক্তধারা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক বিশ্বজিত সাহা। জাতীয় জাদুঘরের পক্ষে তা গ্রহণ করেন সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ। প্রতিমন্ত্রী বলেন, এটি একটি গুরুত্বপূর্ণ অর্জন, যা অর্থমূল্য দিয়ে নিরূপণ করা যাবে না। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.৬)।

৮ ।	**দাম না পাওয়ায় নিরুৎসাহিত হচ্ছেন কৃষক : আইএফপিআরআই'র কর্মশালায় কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, আমাদের কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে, কিন্তু আমাদের কৃষকরা উৎপাদিত পণ্যের সঠিক মূল্য পাচ্ছেন না। ফলে কৃষক আর্থিক সক্ষমতা অর্জনে ব্যর্থ হচ্ছেন এবং কৃষিকাজে নিরুৎসাহিত হচ্ছেন। অন্যদিকে পুষ্টিকর খাবার বাজার থেকে কেনার সামর্থ্য কৃষকের নেই, এজন্য কৃষিজ পণ্যের ন্যায্যমূল্য অপরিহার্য। গতকাল (৬ মার্চ বুধবার) রাজধানীর একটি হোটেলে আন্তর্জাতিক খাদ্যনীতি গবেষণা ইনস্টিটিউট (আইএফপিআরআই) আয়োজিত 'এগ্রিকালচারাল ট্রান্সফরমেশন ইন বাংলাদেশ : এভিডেন্স অন বায়োটেকনোলজি অ্যান্ড নিউট্রিশন-সেনসিটিভ এগ্রিকালচার' শীর্ষক কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র **: বণিক বার্তা (**পৃ.২,ক.৫**), ভোরের কাগজ** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

৯।	**তথ্যমন্ত্রীর আশাবাদ- জামায়াতের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে বিশ্বের কাছে ক্ষমা চাইবে বিএনপি**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, মার্কিন কংগ্রেসে গত ৫ মার্চ মঙ্গলবার উত্থাপিত প্রস্তাবনায় জামায়াতে ইসলামী এবং এর সঙ্গে যুক্ত সংগঠনগুলোর সঙ্গে দেশের রাজনৈতিক দলগুলোকে সম্পর্ক ছিন্ন করতে বলা হয়েছে। একইসঙ্গে সরকারকে ব্যবস্থা গ্রহণ করতেও বলা হয়েছে। আশা করি, মার্কিন কংগ্রেসের এ প্রস্তাবের পর বিএনপি অতি শীঘ্রই জামায়াতের সঙ্গে তাদের সকল সম্পর্ক ছিন্ন করেছে বলে ঘোষণা দেবে এবং তাদের সঙ্গে জোট করে সরকার গঠন করেছে সেজন্য জাতি এবং বিশ্ব সম্প্রদায়ের কাছে ক্ষমা চাইবে। গতকাল (৬ মার্চ বুধবার) রাজধানীর আগারগাঁওয়ে তথ্য কমিশনে 'অনুসন্ধানী সাংবাদিকতায় তথ্য আইনের ব্যবহার' শীর্ষক কর্মশালা উদ্বোধনের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৯,ক.৫**), যুগান্তর** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

১০।	**শীঘ্রই প্রশাসনিক ট্রাইব্যুনালের স্থায়ী স্থাপনা নির্মাণ : আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল বাংলাদেশের সংবিধান দ্বারা স্থাপিত প্রতিষ্ঠান। দীর্ঘদিন ধরে এর কোনো স্থায়ী স্থাপনা নেই। তাই এর একটি স্থায়ী স্থাপনা থাকা উচিত। গতকাল (৬ মার্চ বুধবার) ঢাকায় নিবন্ধন অধিদফতর প্রাঙ্গণে প্রশাসনিক ট্রাইব্যুনাল আইনজীবী সমিতির বার্ষিক ভোজসভায় বিশেষ অতিথির বক্তৃতায় এসব কথা বলেন তিনি। সূত্র **: জনকণ্ঠ (**পৃ.৩,ক.১**), ইনকিলাব** (পৃ.৩,ক.৫)।

১১।	**দক্ষ মানবসম্পদ গড়ে তোলায় গুরুত্ব দিতে হবে : শিক্ষামন্ত্রী**

উচ্চশিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে সরকার অনেক বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে জানিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ উচ্চশিক্ষার ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। দেশের শিল্প ও সেবাখাতের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব। এক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। শিক্ষামন্ত্রী গতকাল (৬ মার্চ বুধবার) রাজধানীর বসুন্ধরায় নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয় (এনএসইউ) ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ২২তম সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে এ কথা বলেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন নোবেল বিজয়ী রিচার্ড জে রবার্টস। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৪)।

১২।	**কোটি নতুন কর্মসংস্থান সৃষ্টির টার্গেট :**
**চট্টগ্রামে আন্তর্জাতিক বাণিজ্যমেলার উদ্বোধনীতে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, দেশে কোটি নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কাজ করছে সরকার। বাণিজ্যিক রাজধানী চট্টগ্রাম দেশের অর্থনীতির লাইফ লাইন। দেশে ব্যবসা বাণিজ্যের ১২ আনা এখানে। সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তি হওয়ার পর ব্লু-ইকোনমির সম্ভাবনা উজ্জ্বল উল্লেখ করে তিনি বলেন, চট্টগ্রামকে ঘিরে ব্লু-ইকোনমির কার্যক্রম শুরু করতে হবে।

কর্মসংস্থান সৃষ্টিতে তিনি সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান জানান। গতকাল (৬ মার্চ বুধবার) চট্টগ্রামের আগ্রাবাদে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের বঙ্গবন্ধু হলে আন্তর্জাতিক বাণিজ্যমেলার উদ্বোধনকালে এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **বণিক বার্তা** (পৃ.১২,ক.৫), **নিউ নেশন** (পৃ.৯,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪)।

**১৩। পদ্মাসেতু চালু হলে জিডিপি বাড়বে দুই শতাংশ : মুন্সিগঞ্জে রেলপথমন্ত্রী**

রেলপথমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বলেছেন, পদ্মাসেতু চালু হলে দেশের জিডিপি দুই শতাংশ বাড়বে। সেতুতে রেল প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আরও যুক্ত হবে এক শতাংশ। গতকাল (৬ মার্চ বুধবার) মুন্সিগঞ্জের শ্রীনগরে পদ্মাসেতু রেলসংযোগ প্রকল্পের ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন সুবিধার চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, পদ্মাসেতুর ওপর দিয়ে ঢাকা থেকে যশোর পর্যন্ত ১৭২ কিলোমিটার রেলপথ প্রকল্প হাতে নিয়েছে সরকার, যা ইতোমধ্যে শেষ হওয়ার অপেক্ষায় আছে। সূত্র : **সমকাল** (পৃ.৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৫)।

**১৪। টেলিফোন শিল্প সংস্থাকে শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা হবে : তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, টেলিফোন শিল্প সংস্থাকে (টেশিস) যেকোনো মূল্যে শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা হবে। টেশিসকে সবল করতে তিনি একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা প্রণয়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। গতকাল (৬ মার্চ বুধবার) টঙ্গীতে টেশিস স্থাপনা পরিদর্শনকালে টেশিস কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে এ নির্দেশ দেন। মন্ত্রী বলেন, রাষ্ট্রীয় মালিকানাধীন এ প্রতিষ্ঠানকে স্বাধীন শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে কাজ করতে হবে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.৬,ক.১)।

**১৫। ব্লু ইকোনমির স্বপ্ন বাস্তবায়ন করবে সরকার : পানিসম্পদ প্রতিমন্ত্রী**

সমুদ্রসীমা জয়ের পর বাংলাদেশের ক্রমবর্ধমান জনসংখ্যার আর্থসামাজিক উন্নয়নের জন্য একটা নতুন দ্বার উন্মোচিত হয়েছে বলে মন্তব্য করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু। তিনি বলেছেন, ব্লু ইকোনমির স্বপ্নকে বাস্তবায়িত করবে সরকার। টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার এসডিজি-১৪ এর লক্ষ্যমাত্রা অর্জনে বর্তমান সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল (৬ মার্চ বুধবার) চট্টগ্রামের মেরিন ফিশারিজ একাডেমির ৩৭তম ব্যাচের ক্যাডেটদের গ্র্যাজুয়েশন প্যারেড-২০১৮ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক** : দেশের অনেক বেসরকারি বিশ্ববিদ্যালয় মানসম্মত শিক্ষাদানে সক্ষম নয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের এ বক্তব্য আমলে নিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা মানসম্পন্ন করে তোলার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সমকাল, যায়যায়দিন, ভোরের কাগজ, বণিক বার্তা** : যুক্তরাষ্ট্রের সফটওয়্যার প্রতিষ্ঠান এয়ারভিজ্যুয়ালের গবেষণা প্রতিবেদনে সবচেয়ে দূষিত বায়ুর রাজধানীর তালিকায় ঢাকার অবস্থান দ্বিতীয় এ তথ্য উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে বায়ুদূষণরোধে দ্রুত কার্যক্রম চালানো ও জনসচেতনতা বাড়ানোর আহ্বান।

**গ.** **ইনকিলাব, ডেইলি সান** : প্রধানমন্ত্রী শেখ হাসিনা সড়ক-মহাসড়ক উন্নয়নে গুরুত্ব কমিয়ে রেলপথ উন্নয়নে নজর দেওয়ার নির্দেশনা দিয়েছেন উল্লেখ করে প্রধানমন্ত্রীর এ নির্দেশনাকে জাতীয় নীতিমালায় অন্তর্ভুক্ত করার সুপারিশ।

**ঘ.** **যায়যায়দিন, ইত্তেফাক, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ** : আজ ঐতিহাসিক ৭ মার্চ উল্লেখ করে ১৯৭১ সালের এ দিনে বঙ্গবন্ধু রেসকোর্সের জনসভায় বাঙালির স্বপ্নের বাণী উচ্চারণ করেছিলেন বলে মন্তব্য।

**ঙ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস** : সুস্বাস্থ্যের জন্য স্বাস্থ্যসম্মত খাদ্যাভ্যাস গড়ে তোলার আহ্বান।

**চ.** **নিউজ টুডে** : রাজধানীতে মশার উৎপাত বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধু যে পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে ১৯৭১ সালের ৭ মার্চ অত্যন্ত ধীরস্থির অথচ তেজোদীপ্ত কণ্ঠে শতভাগ নির্ভুল একটি বক্তব্য দিয়েছিলেন, তার উদাহরণ পৃথিবীতে খুঁজে পাওয়া কঠিন।

## নিবন্ধ

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মোবাইল ফোন প্রযুক্তির ক্ষতিকর প্রভাব'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, মোবাইল ফোনের ব্যবহারের ভয়াবহ দিক থেকে রক্ষা পাওয়ার জন্য আমাদের মোবাইল ফোন প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে হবে এবং অতিরিক্ত ব্যবহার পরিহার করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা